

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০৫.১৫০০.৭৯২.০১.০২৬.১২- ০২

তারিখ: ০৭/০২/২০১৭খ্রিঃ

বিষয় : সহকারী কমিশনার (ভূমি), সীতাকুন্ড, চট্টগ্রাম কার্যালয়ের ২০০৮-২০১১ইং সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত ০২(দুই)টি গুরুতর আর্থিক অনিয়মের অডিট আপত্তির-ব্রডশীট জবাব প্রেরণ।

সূত্র : স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর এর স্মারক নং-১৮৪১/রাজস্ব-২/এআইআর/২০০৮-১১/৩৭৮ তাং-১৮/০৯/২০১৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, চট্টগ্রাম সীতাকুন্ড উপজেলা ভূমি অফিসের ২০০৮-২০১১ অর্থবছরের অডিট আপত্তির যে ব্রডশীট জবাব প্রদান করেছেন উহার সাথে বিভাগীয় কমিশনার একমত পোষন করে নিষ্পত্তির সুপারিশ করেছেন। যা নিম্নরূপ :-

উত্থাপিত আপত্তির বিবরণী	জবাব
ভূমি উন্নয়ন কর ও সুদ বাবদ ২৪,৪৮,৮৪৯/- (চকিশ লক্ষ আটচল্লিশ হাজার আটশত উনপঞ্চাশ) টাকা কম আদায় প্রসংগে।	অডিট কর্তৃক উদঘাটিত কম আদায়কৃত ২৪,৪৮,৮৪৯/- টাকা আদায়ের বিষয়ে পুনরায় সংশ্লিষ্ট কুমিরা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা থেকে স্মারক নং-১৬৯ তাং-২৯/০৬/২০১৫ মূলে প্রতিবেদন পাওয়া গিয়াছে। দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বঁশবাড়ীয়া মৌজার সাবেক এসএ/সিএস ১৪৯, ১৫০, ১৭০৭, ১৩৮৫, ৮২২, ১৪০, ১৭৯৬, ১৪৪, ১৪৩৫, ১৪৫, ১৪৯, ১৪০ ও ১৩৮ নং খতিয়ানাদির বিভিন্ন দাগাদির সামিল/ আংশিক যথাক্রমে ২.০৫+৯.০০+.৪২+.৩৩+.৩১+১.২৯+২.২৫+১.০০+.৩২+.৩৮+.২৫+.১৮+.৪১ একর জমি যাহা বিভিন্ন ব্যক্তি মালিকানাধীন নামীয় খতিয়ানভুক্ত হয়। উক্ত ব্যক্তি মালিকানাধীন খতিয়ান সমূহ হতে বনানী জুট মিলস লিঃ পক্ষে জমি খরিদ করার প্রেক্ষিতে উক্ত খতিয়ানাদীর/দাগাদীর জমি বানিজ্যিক প্রতিষ্ঠান হিসাবে ভূমি উন্নয়ন কর ধার্য করার কারণে বিবিধ মামলা নং-৭৯/৭৬-৭৭ ইং এর নথিতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম মহোদয়ের ০৬/০৯/৭৭খ্রিঃ তারিখের আদেশে কৃষি ভূমি হিসেবে কর ধার্যের আদেশ হয়। পরবর্তীতে সাবেক এসএ/সিএস খতিয়ানাদীর/দাগাদীর সামিল অনুরূপ মূল বি.এস. ৬৪১, ৬৯০, ৮৯৩, ১২০৪, ২৭৮৩ খতিয়ানাদীতে (আংশিক বা সম্পূর্ণ) যথাক্রমে ৬.৪৩+১১.৫০+৮৪.৩৭+১.৩০৩৭+১.৬৮৭৫ একর উভয় খতিয়ানাদীতে সর্বমোট-১০.৩৭ একর জমি বনানী জুট মিলস লিঃ পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর মোহাম্মদ ইছাহাক, পিতা-নজু মিয়া, ২৩৭ নং চকবাজার, কোতয়ালী রেকর্ড প্রচার হয়। তৎমতে বি.এস.৬৪১ও ৮৯৩ খতিয়ানাদীতে যথাক্রমে .৬৪০০+৭১০০ একর মোট ১.৩৫ একর জমি শ্রেণী ইটখোলা এবং অপরাপর দাগাদীর জমি শ্রেণী নাল হিসেবে রেকর্ড প্রচারিত হয়। পরবর্তীতে বিবিধ মোকদ্দমা নং-১৫/২০০২ মূলে বি.এস ৯১৯৮ দাগের ১.৩৫ একর (যাহার শ্রেণী ইটখোলা) জমির ভূমি উন্নয়ন কর কৃষি/নাল হিসেবে পরিশোধ করার আদেশ হয় এবং অবশিষ্ট (১০.৩৭-১.৩৫)=৯.০২ একর ভূমি উন্নয়ন করও রেকর্ডমতে নাল হিসেবে নেয়া হয়। (অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) চট্টগ্রাম মহোদয়ের ৩০/০৮/৭৭খ্রিঃ এর বিঃমোঃ নং-৭৯/৭৬-৭৭ এর আদেশ মূলে ভূমি উন্নয়ন কর কৃষি/নাল জমি হিসাবে গ্রহণ করার আদেশ হয়)। এছাড়া রেকর্ডপত্র দৃষ্টি আরো দেখা যায় ১০.৩৭ একর ভূমির ভূমি উন্নয়ন কর বিগত ২৫/০৪/২০০০ খ্রিঃ তারিখের ২২৫৫০৭ নং আর মূলে কৃষি জমি হিসাবে ১৪০৭ বাংলা সন পর্যন্ত আদায় করে চালান মূলে সরকারী কোষাগারে জমা করা হয়েছে। এছাড়া বনানী জুট মিলস লিঃ নামীয় প্রতিষ্ঠানটি একটি ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান। উল্লেখ্য খতিয়ানাদীতে বনানী জুট মিলস লিঃ নামীয় কোন প্রতিষ্ঠান পরিলক্ষিত হয়নি এবং উক্ত নামীয় সম্পত্তি কৃষি জমি হিসেবে ব্যবহার করা হচ্ছে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এর প্রতিবেদন। সুতরাং আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।
ভূমি উন্নয়ন কর ও সুদ বাবদ অনাদায়ী অডিট কর্তৃক উদঘাটিত মোট ২৪,৪৮,৮৪৯/-টাকা বনানী জুট মিলস কর্তৃপক্ষ থেকে আদায় করে ফলাফল নিরীক্ষা অফিসকে অবহিত করতে অনুরোধ করা হলো।	

০২। এমতাবস্থায়, উপরিলিখিত জবাবের আলোকে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলা ভূমি অফিসের ২০০৮-২০১১ অর্থবছরের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সূত্রোক্ত স্মারকের চাহিদা মোতাবেক প্রাসংগিক কাগজপত্র ৬৮(আটষষ্টি) নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ৬৮(আটষষ্টি) ফর্দ।

স্বা/-

(মোছাঃ সেলিনা সুলতানা)

সহকারী সচিব

ফোন-৯৫৪০০৫০(অ.)

Email.selinasultana1973@gmail.com

মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

সেগুন বাগিচা, ঢাকা।

Later-A4-16

স্মারক নং- ৩১.০৫.১৫০০.৭৯২.০১.০২৬.১২- ০২/৩(৭)

তারিখ : ০৭/০২/২০১৭খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত)।
- ৬। অফিস কপি।
- ৭। মাস্টার কপি।


০৭/০২/২০১৭

(মোছাঃ সেলিনা সুলতানা)

সহকারী সচিব

ফোন-৯৫৪০০৫০(অ.)

Email.selinasultana1973@gmail.com